

কৃষি সংবাদ



একই জমিতে চার ফসল

সাইফউদ্দীন আহমেদ লেনিন, কিশোরগঞ্জ

কিশোরগঞ্জের হোসেনপুরে একই জমিতে হচ্ছে চার ফসল। চরাঞ্চলে দু-তিন ফসলের পরিবর্তে চার ফসলভিত্তিক ফসলধারা উদ্ভাবন কর্মসূচির আওতায় হোসেনপুর উপজেলায় এবার আলু, মরিচ ও রোপা আমন ধানের পরিবর্তে আলু, মিষ্টিকুমড়া, রোপা আউশ ও রোপা আমন ধান চাষের উদ্যোগ নেওয়া হয়েছে। ফসল-নিবিড়তা বৃদ্ধিকরণে চার ফসলভিত্তিক ফসল বিন্যাস উদ্ভাবন এরপর পৃষ্ঠা ৪ কলাম ৪

[পেছনের পৃষ্ঠার পর] ও বিস্তার কর্মসূচির অর্থায়নে কিশোরগঞ্জ কৃষি গবেষণা ইনস্টিটিউটের গবেষণা বিভাগ চার ফসল চাষের এ উদ্যোগ বাস্তবায়ন করছে। কিশোরগঞ্জ কৃষি গবেষণা উপকেন্দ্রের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ মহিউদ্দীন জানান, চরাঞ্চলে কৃষক একটি সচেতন হলে সহজেই চার ফসল চাষ করতে পারবে। প্রয়োজন শুধু একটা ফসল হারভেস্ট করার আগে পরবর্তী ফসলের বীজ সংগ্রহ করে রাখা। তিনি জানান, ২০১৮ সালে প্রথম চার ফসল চাষের উদ্যোগ নেওয়া হয়। সে বছর ১৮ নভেম্বর আলু ও মিষ্টিকুমড়ার বীজ একসঙ্গে লাগানো হয়। ৯০ দিন পর অর্থাৎ ১৭ ফেব্রুয়ারি বারি আলু-২৫ হারভেস্ট করার পর মিষ্টিকুমড়া জমিতে থেকে যায়। এর আরও ৫০ দিন পর অর্থাৎ ৮ এপ্রিল মিষ্টিকুমড়া হারভেস্ট করা হয়। এরপর ২৭ এপ্রিল ত্রিধান-৪৮ লাগানো হয় এবং ১৯ জুলাই হারভেস্ট করা হয়। এরপর ৪ আগস্ট বিনাধান-৭ লাগানো হয় এবং ২৭ অক্টোবর হারভেস্ট করা হয়।